

আমেরিকা



তসলিমা নাসরিন

Sunday July 10, 2005

কবে তোমার লজ্জা হবে আমেরিকা ?
কবে তোমার চেতন হবে আমেরিকা ?
কবে তোমার সন্ত্রাস বন্ধ হবে আমেরিকা ?
কবে তুমি পৃথিবীর মানুষকে বাঁচতে দেবে আমেরিকা ?
কবে তুমি মানুষকে মানুষ বলে মনে করবে আমেরিকা ?
শক্তিমান আমেরিকা, তোমার বোমায় আজ নিহত মানুষ,
তোমার বোমায় আজ ধ্বংস নগরী,
তোমার বোমায় আজ চূর্ণ সভ্যতা,
তোমার বোমায় আজ নষ্ট সম্ভবনা,
তোমার বোমায় আজ বিলুপ্ত স্বপ্ন ।

কবে তোমার হত্যাযজ্ঞের দিকে তাকাবে, কুৎসিত মনের দিকে,
কলঙ্কের দিকে তাকাবে আমেরিকা,
কবে তুমি অনুতপ্ত হবে আমেরিকা?
কবে তুমি সত্য বলবে আমেরিকা?

কবে তুমি মানুষ হবে আমেরিকা?
কবে তুমি কাঁদবে আমেরিকা?
কবে তুমি ক্ষমা চাইবে আমেরিকা?
আমরা তোমার দিকে ঘৃণা ছুড়ে দিচ্ছি আমেরিকা,
আমরা ঘৃণা ছুড়তে থাকবো ততদিন,
যতদিন না তোমার মারনাত্মক ধংস করে তুমি হাঁটু গেড়ে বসো,
ঘৃণা ছুড়তেই থাকবো যতদিন না তুমি প্রায়শ্চিত্ত করো,
আমরা ঘৃণা ছুড়বো, আমাদের সন্তান ছুড়বে, সন্তানের সন্তান ছুড়বে
এই ঘৃণা থেকে তুমি পরিত্রাণ পাবে না আমেরিকা ।

তোমার কত আদিবাসীকে তুমি খুন করেছো,
কত খুন করেছো এল সালভাদরে,
খুন করেছো নিকারাগুয়ায়,
করেছো চিলিতে, কিউবায়,
করেছো পানামায়, ইন্দোনেশিয়ায়, কোরিয়ায়,
খুন করেছো ফিলিপিনে,
করেছো ইরানে, ইরাকে, লিবিয়ায়, মিশরে, প্যালেস্টাইনে,
ভিয়েতনামে,
সুদানে, আফগানিস্তানে,
- মৃত্যুগুলোকে হিসেব করো,
আমেরিকা তুমি হিসেব করো, নিজেকে ঘৃণা করো তুমি আমেরিকা ।
নিজেকে তুমি, এখনও সময় আছে, নিজেকে ঘৃণা করো ।
এখনও তুমি তোমার মুখখানা লুকোও দুহাতে,
এখনও তুমি পালাও কোনও ঝাড় জঙ্গলে,

তুমি গ্লানিতে কঁকড়ে থাকো,
কঁচকে থাকো, তুমি আত্মহত্যা করো ।

থামো,

একটু দাঁড়াও।

আমেরিকা তুমিতো গণতন্ত্র, তুমিতো স্বাধীনতা!

তুমিতো জেফারসনের আমেরিকা,

লিংকনের আমেরিকা,

তুমি মার্টিন লুথার কিং এর আমেরিকা,

তুমি রুখে ওঠো,

রুখে ওঠো একবার, শেষবার, মানবতার জন্য ।



